৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

## প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
Website: www.bb.org.bd

পরিসংখ্যান বিভাগ

এসডি সার্কুলার নং-০৩/২০২৬

১৫ শ্রাবণ ১৪৩৩
তারিখঃ ---------------------
৩০ জুলাই ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল অনুমোদিত ডিলার ব্যাংক
এবং তাদের অফসোর ব্যাংকিং ইউনিটসমূহ

প্রিয় মহোদয়,

বেসরকারি খাতের মধ্য ও দীর্ঘ মেয়াদী বৈদেশিক ঋণ সংক্রান্ত তথ্য/উপাত্ত
মাসিক ভিত্তিতে দাখিলকরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে এসটিডি সার্কুলার লেটার নং-০৬/২০১৪, তারিখঃ সেপ্টেম্বর ৩০,২০১৪ ও এসডি সার্কুলার লেটার নং-০১/২০২৩, তারিখঃ জানুয়ারি ৩০,২০২৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উল্লিখিত সার্কুলার অনুযায়ী আপনার ব্যাংক কর্তৃক বেসরকারি খাতের মধ্য ও দীর্ঘ মেয়াদী ঋণ সংক্রান্ত তথ্য/উপাত্ত ত্রৈমাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট Rationalized Input Template (RIT) পূরণপূর্বক বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটের ই-রিটার্নস পোর্টালে আপলোড এবং ED-1/ED-2 form এর হার্ডকপি ও ঋণচুক্তি বিষয়ক দলিলাদি নিয়মিতভাবে প্রতি ত্রৈমাসিকান্তে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে দাখিলের নির্দেশনা রয়েছে। এক্ষণে, দেশের বৈদেশিক ঋণ পরিশোধের সক্ষমতা মূল্যায়ন, সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা নিশ্চিতকরণ, কার্যকর অর্থনৈতিক নীতি প্রণয়ন, বৈদেশিক ঋণের নিবিড় পর্যবেক্ষণ, ব্যালেন্স অফ পেমেন্টস ও আন্তর্জাতিক বিনিয়োগ অবস্থান সংক্রান্ত পরিসংখ্যান প্রণয়ন এবং সামগ্রিক আর্থিক স্বাস্থ্য পর্যবেক্ষণ করার লক্ষ্যে বেসরকারি খাতের মধ্য ও দীর্ঘ মেয়াদী বৈদেশিক ঋণের তথ্য/উপাত্ত ত্রৈমাসিকের পরিবর্তে মাসিক ভিত্তিতে সংগ্রহ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এলক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ পরিপালনের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো-

ক) বেসরকারি খাতের মধ্য ও দীর্ঘ মেয়াদী বৈদেশিক ঋণের তথ্য জুলাই, ২০২৬ মাস হতে মাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট ০৫ (পাঁচ) টি RIT (T_ME_M_LTED_GENERAL_INFO; T_ME_M_LTED_TRANCHE_INFO; T_ME_M_LTED_SCHEDULE; T_ME_M_LTED_TRANSACTION; T_ME_M_LTED_PROJECTION) যথাযথভাবে পূরণপূর্বক নিয়মিতভাবে প্রতি মাস শেষে পরবর্তী ১৫ দিনের মধ্যে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটের ই-রিটার্নস পোর্টালে আপলোড এবং ED-1/ED-2 form এর হার্ডকপি ও ঋণচুক্তি বিষয়ক দলিলাদি মাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে পরিসংখ্যান বিভাগে দাখিল করতে হবে।

খ) এছাড়া এতদ্‌সংক্রান্ত পূর্বের সার্কুলার সমূহে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারার প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

মোঃ হাবিবুর রহমান
পরিচালক (পরিসংখ্যান)
ফোন নং-৯৫৩০১৩৪